# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯২০

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ হজ্জে কখন থেকে তালবিয়া পাঠ বন্ধ করা হবে।

## باب مَا جَاءَ مَتَى تُقْطَعُ التَّلْبِيَةُ فِي الْحَجِّ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ، عَنِ ابْنِ جُرَيْجٍ، عَنْ عَطَاءٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنِ الْفَضْلِ بْنِ عَبَّاسٍ، قَالَ أَرْدَفَنِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ جَمْعٍ إِلَى مِنًى فَلَمْ يَزَلْ يُلَبِّي حَتَّى رَمَى الْجَمْرَةَ . وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَابْنِ مَسْعُودٍ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْفَضْلِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْحَاجَّ لاَ يَقْطَعُ التَّلْبِيَةَ حَتَّى يَرْمِيَ الْجَمْرَةَ . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

৯২০. মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ....... ফযল ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুযদালিফা থেকে মিনা পর্ষন্ত আমাকে তাঁর বাহনের পিছনে বসিয়ে এনেছেন। তিনি জামরা আকাবায় কঙ্কর মারা পর্যন্ত সব সময় তালবিয়া পাঠ করছিলেন। - ইবনু মাজাহ ৩০৪০, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯১৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিয়য়ে আলী, ইবনু মাসউদ ও ইবনু আব্বাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ফযল (রাঃ) বর্ণিত এই হাদিসটি হাসান- সহীহ্। সাহাবী ও অপরাপর আলিমগণে এতদনুসারে আমল রয়েছে। (তাঁরা বলেন) জামরা আকাবায় কঙ্কর মারা পর্যন্ত হজ্জ পালনকারী তালবিয়া বন্ধ করবে না। এ হলো ইমাম শাফঈ, আহমদ ও ইসহাক (রহঃ) -এর অভিমত।

## English

Al-Fadl bin Abbas narrated:
"I was a companion rider with the Messenger of Allah from Jam to Mina. He

did not cease saying the Talbiyah until stoning Jamrat Al-Aqabah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ফাযল ইবনু ‘আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18109

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন